প্রিয় ভাই আমার! আমি আপনার সামনে প্রথমেই যে বিষয়টা স্পষ্ট করতে চাচ্ছি তা হল, মুজাহিদ ফী সাবীলিল্লাহ'র পরিচয় কী? আমরা আমাদের রবের কালামে পাক থেকে জানতে পারি যে, যারা ঈমানদার তারা আল্লাহর রাস্তায় লড়াই করে আর কাফিররা লড়াই করে তাগুতের পথে। আমরা জানি যে, আহলুস সুন্নাহ ওয়াল জামাআতের নিকট ঈমান হল, কথা, কাজ ও অন্তরের সত্যায়নের সমষ্টি। এই মূলনীতির উপর ভিত্তি করে আমি বলব, যদি কেউ সালাত আদায় করে, রমাদান মাসে সিয়াম পালন করে, যাকাত প্রদান করে এর সাথে সাথে ঈমান ভঙ্গকারী কোন বিষয় সম্পাদন করে তবে তার উল্লেখিত আমলসমূহ কোন উপকারে আসবে না। কারণ সে ঈমান ভঙ্গকারী বিষয় সম্পাদন করেছে। যদিও সে জিহাদ করে তথাপি তার আমলনামায় শিরকের উপস্থিতির কারণে তাকে মুজাহিদ ফী

مؤسسة الصوارم
As Sawarim Media

সাবীলিল্লাহ হিসেবে গণ্য করা হবে না। তাহলে চলুন এবার জেনে নেই রাসুলে কারীম ﷺ এব্যাপারে কী বলেছিলেন? যখন তাকে জিজ্ঞাসা করা হয়েছিলো, "এক ব্যক্তি গনীমতের জন্য লড়াই করে, এক ব্যক্তি প্রসিদ্ধ হওয়ার জন্য লড়াই করে এবং এক ব্যক্তি বীরত্ব দেখানোর জন্য লড়াই করে। তাদের মধ্যে কে আল্লাহর পথে লড়াই করল? তিনি ﷺ বললেন, যে ব্যক্তি আল্লাহর কলিমা বুলন্দ হওয়ার জন্য লড়াই করে সে-ই আল্লাহর পথে লড়াই করল।"

প্রিয় ভাই! আমি আপনাকে কিছু প্রশ্ন করতে চাই, আচ্ছা বলুন তো রাসুল ﷺ এর বর্ণিত হাদিস অনুযায়ী দেশাত্মবোধক জাতীয়তাবাদের চেতনায় লড়াইকারী বর্তমান তালেবান কি আল্লাহর রাস্তায় লড়াইকারী? উত্তর আপনার জিম্মাহ'তে ছেড়ে দিলাম। ঐ সকল সাহওয়াত–যারা নিজেদের প্রবৃত্তি থেকে তৈরিকৃত বিধান দ্বারা অধিকৃত ভূমি শাসন করে তারা কি আল্লাহর রাস্তার মুজাহিদ? যারা মুসলিমদের বিরুদ্ধে কাফিরদের সাহায্য করে তারা কি মুজাহিদ? যারা উম্মুল মু'মিনীন আয়িশা সিদ্দীকা رضي الله عنها কে গালি দেয়, আবু বকর, ওমারসহ ব্যাপকভাবে সাহাবীগণকে তাকফীর করে–তাদেরকে যারা বন্ধু হিসেবে গ্রহণ করে, রাফিদীদের ধৃষ্টতাপূর্ণ শিরকী ইবাদাতে নিরাপত্তা দেয় তারা কি মুজাহিদ ফী সাবীলিল্লাহ?

অতঃপর আমি বলি, নিশ্চয়ই মুজাহিদগণই ত্বইফাতুল মানসুরার অন্তর্ভুক্ত। কাবার রবের শপথ! মুজাহিদগণই ফিরক্বাতুন নাজিয়াহ'র অন্তর্ভুক্ত। কিন্তু যারা ঈমান ভঙ্গকারী বিষয়সমূহে লিপ্ত তারা মুজাহিদ নয়। যারা রাষ্ট্রীয়ভাবে ICC ক্রিকেট টুর্নামেন্ট খেলার অনুমোদন দেয়, অর্থ যোগান দেয় নিশ্চিতভাবেই তারা রাসুলের নির্দেশনা অনুযায়ী মুজাহিদ নয়।

مؤسسة الصوارم
As Sawarim Media

তালেবানের শারীয়াহ প্রতিষ্ঠার আসল রূপঃ

মোল্লা ওমার ﵀ ছিলেন মূর্তি সংহারক আর বর্তমান তালেবান হল হাফিজুস সনামঃ

আল্লাহ তা'আলা বলেন,

اَلَّذِيْنَ اِنْ مَّكَّنّٰهُمْ فِى الْاَرْضِ اَقَامُوا الصَّلٰوةَ وَ اٰتَوُا الزَّكٰوةَ وَ اَمَرُوْا بِالْمَعْرُوْفِ وَ نَهَوْا عَنِ الْمُنْكَرِ ؕ وَ لِلّٰهِ عَاقِبَةُ الْاُمُوْرِ ۝

"তারা এমন যাদেরকে আমরা যমীনে ক্ষমতা দান করলে তারা সালাত কায়েম করবে, যাকাত দেবে এবং সৎকাজের আদেশ দেবে ও অসৎকাজ থেকে নিষেধ করবে; আর সকল কাজের পরিণাম আল্লাহরই জন্য।"[30] ত্ববারী বলেন, "অর্থাৎ যদি আমরা তাদেরকে বিভিন্ন ভূখণ্ডে প্রতিষ্ঠিত করি তাহলে তারা মুশরিকদের দমন করে, তাদেরকে পরাজিত করে। তারা সেখানে আল্লাহর আনুগত্য করে ফলে তারা সালাত কায়েম করে, আল্লাহ যাদেরকে যাকাতের হক্বদার বানিয়েছেন তাদেরকে যাকাত প্রদান করে। তারা মানুষকে আল্লাহর একত্ববাদ ও তার নির্দেশ অনুযায়ী আমল করার পথে এবং মু'মিনরা যে জ্ঞান রাখেন সেই পথে আহ্বান করে।"

সায়্যিদ কুতুব ﵀ বলেন, "তারা সৎকাজের আদেশ করবে–অর্থাৎ তারা কল্যাণ ও সততার দিকে আহ্বান করবে এবং মানুষকে এর দিকেই চালিত করবে। তারা অসৎকাজ থেকে নিষেধ করবে–অর্থাৎ তারা অনিষ্টতা ও অন্যায়ের বিরুদ্ধে দাঁড়াবে এবং তারা এ কাজটি বাস্তবায়ন করবে। আর এটাই উম্মাতে মুসলিমার সিফাত, যে মুনকার পরিবর্তন করতে সক্ষম তা অবশিষ্ট রাখে না এবং যে ভালো কাজ বাস্তবায়ন করতে সক্ষম তা থেকে বসে থাকে না।"[31]

---

[30] সুরা হাজ্জঃ ৪১

[31] ফী যিলালিল কুরআন

مؤسسة الصوارم
As Sawarim Media

অধিকৃত ভূমিতে শারীয়াহ বাস্তবায়ন করা ওয়াজিব–এব্যাপারে কেউ ইখতিলাফ করেনি। শাইখ উসামা বিন লাদিন ﵀ তার শেষ বক্তব্য ও রিসালাগুলোতে এটার উপর জোড় দিয়েছেন। তিনি বলতেন, আমাদের এমন একটি রাষ্ট্র প্রতিষ্ঠা করতে হবে যা শারীয়াহ দ্বারা শাসন করা হবে। আর বর্তমান যামানায় ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা করার গুরত্ব অপরিসীম। যেহেতু মুসলিমদের প্রায় সবগুলো রাষ্ট্র-ই দারুল কুফরে পরিণত হয়েছে। কারণ এই সকল রাষ্ট্রের উপর চেপে বসে আছে মানবসৃষ্ট আইন দ্বারা শাসনকারী রিদ্দায় পতিত শাসকরা। আর সেই সকল রিদ্দায় পতিত শাসকদেরকে পরাজিত করতে এবং আল্লাহর কালিমা বুলন্দ করতে জিহাদ ফী সাবীলিল্লাহ'য় নেমে পড়েন সত্যবাদী মুওয়াহহিদ মুজাহিদগণ। এরই ধারাবাহিকতায় ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার উদ্দেশ্যে পৃথিবীর বিভিন্ন অঞ্চলে জিহাদ ছড়িয়ে পড়ে। কিন্তু বিপত্তি বাধে তখন, যখন কিছু অঞ্চলে সেই উদ্দেশ্য থেকে সরে গিয়ে কতিপয় লোক নিজ প্রবৃত্তির অনুসরণ করতে শুরু করে। বর্তমান তালেবান এদেরই অন্তর্ভুক্ত। আমেরিকা হামলা পরবর্তী তালেবান নিয়ন্ত্রণাধীন ভূমিতে তাদের পূর্বের চিত্র নিয়ে ফিরে আসেনি। আমরা দেখছি, তালেবান তাদের নিয়ন্ত্রণাধীন ভূমি শারীয়াহ দ্বারা শাসন করে না। আর তালেবানের পররাষ্ট্রনীতির কথা বলতে গেলে বর্তমান সময়ের আধুনিক রাষ্ট্রগুলোর পররাষ্ট্রনীতি থেকে তালেবানের পররাষ্ট্রনীতি ভিন্ন কিছু নয়। তালেবান আফগানিস্তানের ক্ষমতায় আসার পূর্বে তাদের অধিকৃত ভূমিগুলোতে শারীয়াহ দ্বারা বিচার-ফায়সালা করত না। তারা বিচারকার্যের জন্য আঞ্চলিক গোত্রীয় আইনগুলোকে বেছে নিয়েছিল। এই চিত্র আমরা তাদের মাধ্যমগুলো থেকেই জেনেছি। তখন কিছু কিছু ব্যক্তি দাবি করত, তালেবান পুরো আফগানিস্তানের ক্ষমতায় যাওয়ার পর পরিপূর্ণ শারীয়াহ দ্বারা দেশ শাসন করবে। যদিও অধিকৃত ভূমিতে শারীয়াহ বাস্তবায়ন করার জন্য কাফিরদের কর্তৃক নির্ধারিত সীমানায় ঘেরা পুরো আফগানিস্তানের দখল নেওয়া শর্ত নয়। শর্ত হচ্ছে, যে ভূমিতে ক্বুদরাহ তথা ক্ষমতা অর্জিত হবে সেই ভূমিতে শারীয়াহ'র বিধিবিধান বাস্তবায়ন করতে হবে। কিন্তু আমরা দেখেছি, তালেবান আফগানিস্তানের ক্ষমতা নেওয়ার পরেও তারা পরিপূর্ণ শারীয়াহ বাস্তবায়ন করেনি। তারা অনেক ক্ষেত্রে পূর্বের সরকারের অবকাঠামোর উপর রয়েছে। কোন শহর বা ভূমি বিজয় করার পর সর্বাগ্রে

مؤسسة الصوارم
As Sawarim Media

যে কাজটি করা আবশ্যক তা হল মূর্তি এবং শিরকী চিহ্নসমূহ ধ্বংস করা। আর এ কাজটিই উম্মাহ'র মহান সালাফগণ করতেন।

শাইখ আহমাদ মুসা জিবরীল حفظه الله বলেন, "মুহাম্মাদ বিন কাসীম আস-সাক্বাফী বর্তমানের করাচী বিজয় করেন এবং সামনে এগোতে থাকেন। যুদ্ধের পর যুদ্ধ; কোন শহর বিজয় করার পর তিনি প্রথম যে কাজ করতেন তা হল শিরকী মূর্তি ও শিরকী চিহ্নসমূহ ধ্বংস করা, তাওহীদ প্রতিষ্ঠা করা এবং মাসজিদ নির্মাণ করা। অবশেষে তিনি রাজা দাহিরের মুখোমুখি হন হিজরী ৯২ বা ৯৩ সনে। তিনি তার বিরুদ্ধে যুদ্ধ করে তাকে পরাজিত করেন এবং সেই রাজা যুদ্ধে নিহত হয়। হ্যাঁ, মুহাম্মাদ বিন কাসীম আস-সাক্বাফী প্রথম যে কাজটি করেছেন সেই একই কাজ তার পূর্বের বিজয়ীরা করেছেন। ঠিক সেটাই করেছেন আল্লাহর রাসুল ﷺ মক্কা বিজয়ের সময়। তা হল জনসম্মুখে থাকা শিরকের চিহ্নসমূহ অপসারণ করা।"

কিন্তু তালেবান মূর্তি না ভেঙ্গে ঐতিহাসিক নিদর্শনের নামে সেগুলোকে রক্ষা করার ঘোষণা দিয়েছে। আফগানিস্তানের জাদুঘরগুলোর চিত্র পূর্বের মতই রয়েছে। না তালেবান জাদুঘরের ভিতরে থাকা মূর্তি অপসারণ করেছে আর না সেই জাদুঘরগুলোতে পরিদর্শন নিষিদ্ধ করেছে। তাহলে বিজয়ের পর মূর্তি ও শিরকী চিহ্নসমূহ ধ্বংস করার ব্যাপারে শারয়ী বাধ্যবাধকতার বিধান আজ তালেবানের নিয়ন্ত্রণাধীন ভূমিতে কোথায় বাস্তবায়িত? মোল্লা ওমার رحمه الله ছিলেন মুহাত্ত্বিমুস-সনাম (মূর্তি ধ্বংসকারী) আর আজকের তালেবান হয়ে গেছে হাফিজুস-সনাম (মূর্তি রক্ষাকারী)। আজেকের তালেবানের লজ্জাও করে না, কিভাবে তারা মিডিয়ার সামনে এসে মূর্তি রক্ষার প্রতিশ্রুতি দেয়? এটাই কি অধিকৃত ভূমিতে তালেবানের শারীয়াহ বাস্তবায়ন? তালেবান না কবরের শিরক নিষিদ্ধ করেছে আর না তারা ওয়াহদাতুল ওজুদ ও হুলুলিয়্যাহ'র শিরকী আক্বীদাহ'র প্রচার-প্রসার নিষিদ্ধ করেছে। বরং তারা ক্ষমতায় এসেই উঁচু কবর ও মাজার রক্ষার প্রতিশ্রুতি দিয়েছে। তাহলে আল্লাহর রাসুল ﷺ কর্তৃক আলী رضي الله عنه কে দেওয়া উঁচু কবর সমান করে দেওয়ার সেই নির্দেশ তালেবানের ভূমিতে কোথায় বাস্তবায়িত হল?

আচ্ছা আইসিসি ক্রিকেট টুর্নামেন্ট যে প্রকাশ্য জুয়ার অন্তর্ভুক্ত–এটা কে না

مؤسسة الصوارم
As Sawarim Media

জানে? বাংলাদেশের কাওমী মাদরাসার বহুসংখ্যক আলেম জুয়ামুক্ত সাধারণ ক্রিকেট খেলাকেও হারাম মনে করেন। আর আইসিসি টুর্নামেন্ট যে জুয়াড়ি টুর্নামেন্ট –এটা কি কোন বিবেকবান লোক অস্বীকার করতে পারবে? এরপরেও তালেবান এই আইসিসি জুয়াড়ি টুর্নামেন্টকে অনুমোদন দিয়েছে। বরং তারা এক্ষেত্রে অর্থ বরাদ্দ দেওয়ার ঘোষণা দিয়েছে। আফগানিস্তান যখন আইসিসি টুর্নামেন্টের কোন খেলায় জিততে পারে তখন তালেবান এটিকে গর্বভরে নিজেদের বিজয় হিসেবে প্রচার করে। আমরা তো আল-কায়দার আলেমদের এমন লেখনিও পেয়েছি যেখানে তারা আইসিসি এবং ফিফার বিচার ব্যবস্থাকে কুফরি তাগুতী বিচার ব্যবস্থা হিসেবে আখ্যায়িত করেছেন। কিন্তু তালেবান এই অশ্লীলতা প্রসারকারী, জাতীয়তাবাদী ও জুয়াড়ি আইসিসি টুর্নামেন্টকে নিষিদ্ধ করার পরিবর্তে বৈধতা দিয়ে প্রচার করছে। আর তালেবানের বিচার ব্যবস্থায় শারীয়াহ'র বিধিবিধান বাস্তবায়নের কথা বলতে গেলে–তালেবান এক্ষেত্রে দ্বিমুখী নীতি অবলম্বন করেছে। যদিও তালেবান ক্ষমতায় আসার বছর খানেক পর অফিসিয়ালিভাবে স্টেটমেন্ট দিয়েছে যে, বিচারকার্যে শারীয়াহ'র হদ বাস্তবায়ন করতে হবে। কিন্তু বাস্তব চিত্র এর পুরো উল্টো। হাতে গোনা দুই একটি ব্যতীত তালেবানের সকল বিচারালয় এখনো জাহিলী আইন দিয়ে বিচার কাজ পরিচালনা করছে। আমরা দেখেছি, দুইটি প্রদেশ কেবলমাত্র দুই থেকে তিনবার হদ বাস্তবায়ন করেছে। তাও সেটা আবার শারীয়াহ কর্তৃক নির্ধারিত হদ বাস্তবায়ন না করে নিজেদের মনগড়া শাস্তি প্রয়োগ করেছে। শারীয়াহ সমকামিতার হদ নির্ধারণ করেছে মৃত্যুদণ্ড, অথচ তালেবান সমকামীদের ধরে বেত্রাঘাত করে ছেড়ে দিয়েছে। তালেবানের এক কর্মকর্তা যখন যিনার অভিযোগে হাতে নাতে ধরা পড়েছে তখন তার উপর হদ বাস্তবায়ন না করেই তাকে ছেড়ে দিয়েছে। আর বাকি বিচারালয়গুলো চুরির শাস্তি হিসেবে জেল-জরিমানা, চুল কেটে দেওয়াসহ বিভিন্ন শাস্তি দিচ্ছে। মাদক ও অন্যান্য ক্ষেত্রে একই অবস্থা। আপনি যদি কাবুলের আদালতের অবস্থা পর্যবেক্ষণ করেন–যেটা তালেবানের রাজধানী, সেখানেও তারা জাহিলী আইন দিয়ে বিচার কাজ পরিচালনা করে।

কেউ কেউ তালেবানের অফিসিয়ালি স্টেটমেন্ট দেখে প্রতারিত হয়ে দাবি করে

مؤسسة الصوارم
As Sawarim Media

যে, তালেবান তো শারীয়াহ অনুযায়ী বিচার কাজ পরিচালনার ঘোষণা দিয়েছে। একটা বিষয় প্রমাণিত যে, সৌদি প্রশাসনের অফিসিয়ালি স্টেটমেন্ট রয়েছে যে, তাদের বিচারালয়গুলোতে শারীয়াহ অনুযায়ী বিচার কাজ পরিচালিত হয়। আর আমরা জানি যে, এই শতকের শুরুর দিকেও সৌদি প্রশাসন অনেক ক্ষেত্রে হদ বাস্তবায়ন করত কিন্তু সৌদি প্রশাসন হদ বাস্তবায়ন করার ক্ষেত্রে ইহুদীদের হদ বাস্তবায়নের অনুসরণ করত। অথচ আমরা জানি, এই যামানার মুহাক্কীক আলেমগণ সৌদি প্রশাসনের কুফরির মধ্যে এটাও গণ্য করতেন যে, সৌদি প্রশাসন বিচারকার্যে শারীয়াহ বাস্তবায়ন করে না। সুতরাং এখানে ধর্তব্য বিষয় হচ্ছে কাজে বাস্তবায়ন।

তালেবানের শারীয়াহ প্রতিষ্ঠা; মুদ্রার অপর পিঠঃ

এখানে একটি বিষয় বলে রাখা উচিৎ যে, কেবলমাত্র কিছু জায়াগায় হুদুদ বাস্তবায়ন করার নাম-ই শারীয়াহ দ্বারা শাসন করা নয়–যদি না অন্য সবক্ষেত্রে শারীয়াহ বাস্তবায়ন করা হয়। অনেকেই মনে করে থাকেন শুধুমাত্র হদসমূহ বাস্তবায়ন করাই বুঝি শারীয়াহ প্রতিষ্ঠা করা। প্রকৃতপক্ষে স্বরাষ্ট্রনীতি এবং পররাষ্ট্রনীতিসহ অন্যান্য সকল ক্ষেত্রেই শারীয়াহ বাস্তবায়ন আবশ্যক। কিন্তু তালেবানের পররাষ্ট্রনীতি পুরোটাই শারীয়াহ বহির্ভূত। আপনি বর্তমানে মুসলিমদের দেশগুলোর কোন একটি দেশের পররাষ্ট্রনীতি পর্যালোচনা করে তালেবানের পররাষ্ট্রনীতি পর্যালোচনা করে দেখবেন তেমন কোন পার্থক্য খুঁজে পাবেন না। তাই আপনি দেখবেন, তালেবানের যে নেতাকেই জিজ্ঞাসা করা হয়–আপনারা অমুক রাষ্ট্রের সাথে কেমন আচরণ করতে চান বা অমুক রাষ্ট্রের ব্যাপারে আপনাদের অবস্থান কী? তখন দেখবেন তালেবানের নেতারা নির্দ্বিধায় বলবে, অমুক রাষ্ট্র আমাদের জন্য খুবই গুরুত্বপূর্ণ আমরা তাদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক করতে চাই। তালেবান যেকোনো রাষ্ট্রের সাথেই সম্পর্ক করতে চায়–হোক সেটা আসলী কাফির, হারবী কাফির, আল্লাহ ও তার রাসুলকে গালিদাতা এবং মুসলিমদের নির্যাতনকারী রাষ্ট্র অথবা মুরতাদ শাসকদের দ্বারা পরিচালিত রাষ্ট্র তা সমান। আসলী কাফির

مؤسسة الصوارم
As Sawarim Media

রাষ্ট্রের সাথে ইসলামের কর্মপদ্ধতি কেমন, আর তালেবান কী কর্মপদ্ধতি গ্রহণ করেছে! মুরতাদ শাসকদের ব্যাপারে ইসলামের বিধিবিধান তো আরো কঠোর। হানাফী মাজহাবের মতানুসারেও তো সাধারণত মুরতাদদের সাথে সন্ধি করা জায়েয নেই। আর যারা সন্ধির ব্যাপারে মত দিয়েছেন তারা এ শর্ত উল্লেখ করেছেন যে, সন্ধি চুক্তির উদ্দেশ্য থাকতে হবে মুরতাদরা যেন তাদের রিদ্দাহ থেকে ফিরে আসে যেমনটি 'বাদা'ইয়ুস সনাঈ'এর লেখক ইমাম কাসানী বলেছেন। যে পাকিস্তান সরকার মুসলিম মা-বোনদেরকে আমেরিকার হাতে তুলে দিত, বহু মুজাহিদগণকে হত্যা করেছে এবং গণতন্ত্র নামক শিরকের দিকে মুসলিমদেরকে ঠেলে দিচ্ছে সেই পাকিস্তান সরকারের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক করা কি ইসলামী পররাষ্ট্রনীতির অন্তর্ভুক্ত? মুসলিমদের জাতিগত নিধন চালাচ্ছে যে চীন, সেই চীনের সাথে ঘনিষ্ঠ সম্পর্ক গড়া এবং নির্যাতিত উইঘুর মুসলিমদেরকে ঘোষণা দিয়ে বর্জন করা কি ইসলামী পররাষ্ট্রনীতির অন্তর্ভুক্ত? মুসলিমদের উপর হিন্দুত্ববাদী ভারত সরকারের চলমান নির্যাতনের মাঝেই তাদের সাথে বন্ধুত্বপূর্ণ কূটনৈতিক দেনদরবার কি ইসলামী পররাষ্ট্রনীতির অন্তর্ভুক্ত? একজন মুসলিমা নারীর নির্যাতনের প্রতিশোধ স্বরূপ তো মু'তাসিম বিল্লাহ কাফিরদের দূর্গ ধ্বংস করে দিয়েছিলেন, হাজ্জাজের মত অত্যাচারী শাসক এক নির্যাতিতা মুসলিমা নারীর আর্তনাদে সাড়া দিয়ে হিন্দুস্থান বিজয়ের জন্য বিশাল বাহিনী প্রেরণ করেছিলেন। কিন্তু তালেবান মুসলিমদের উপর বর্বরোচিত নির্যাতনকারী কাফিরদের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক গড়ছে। যে কাফিররা প্রতিনিয়ত আল্লাহ ও তার রাসুলকে গালি দিচ্ছে, ইসলামকে হেয় করছে এবং মুসলিমদেরকে সন্ত্রাসী আখ্যা দিয়ে হত্যা করছে তালেবান তাদের সাথে বন্ধুত্বপূর্ণ পররাষ্ট্রনীতি কিভাবে গ্রহণ করে? এই ধরনের কাফির রাষ্ট্রের সাথে বন্ধুত্বপূর্ণ সম্পর্ক করা নিশ্চিতভাবেই কাফিরদের সাথে ওয়ালার অন্তর্ভুক্ত। আপনি চিন্তা করুন, চীন রাশিয়া ও ভারতের মত রাষ্ট্রের সাথে তালেবান দক্ষিণ এশিয়ার নিরাপত্তা ইস্যু বৈঠকে যোগদান করে। এরচেয়ে বড় আশ্চর্যের বিষয় আর কী হতে পারে যে, যারা মুসলিমদেরকে চিরতরে নির্মূল করার চেষ্টায় লিপ্ত, যারা আজ অব্দি মুসলিমদের হত্যা করছে ও মা-বোনদের ধর্ষণ করছে এবং যারা সবদিক থেকে মুসলিমদের বেষ্টন করে তাদেরকে ইসলাম থেকে কুফরে পতিত করার চেষ্টা করে যাচ্ছে তাদের

مؤسسة الصوارم
As Sawarim Media

সাথে তালেবান নিরাপত্তা ইস্যু বৈঠকে যোগদান করে। এতো কিছুর পরেও কিভাবে বলা হয় যে, তালেবান শারীয়াহ দ্বারা শাসন করে? তালেবান তাদের অধিকৃত ভূমিতে না সালাত বাধ্যতামূলক করেছে আর না শারয়ী হিজাবের বিধান কার্যকর করেছে। হানাফী মাজহাবের আলেমদের মতানুসারে তো মুখমণ্ডল অনাবৃত রাখা শারয়ী হিজাবের অন্তর্ভুক্ত নয়।[32] তাহলে তালেবান কোন হানাফী মাজহাবের অনুসরণ করে? আফগানিস্তানের সুদ ভিত্তিক ব্যাংকগুলো তালেবান পুনরায় চালু করে দিয়েছে। তালেবানের রাষ্ট্র পরিচালনায় শারীয়াহ বিরোধী এতো বিষয় থাকার পরেও কিভাবে বলা হয় তালেবান শারীয়াহ দ্বারা শাসন করে?

শাইখ উসামা বিন লাদিন ﷺ বলেছেন, "যদি আমরা তর্কের খাতিরে ধরে নেই, একশ'র মধ্যে নব্বই পার্সেন্ট হল এমন বিধিবিধান যেগুলোর উৎস হল ইসলামী শারীয়াহ। আর একশ'র মধ্যে দশ পার্সেন্ট হল এমন বিধিবিধান যেগুলোর উৎস হচ্ছে গঠনকৃত আইন তখন ইসলামের মাপকাঠিতে এই সংবিধানকে কুফরি সংবিধান হিসেবে গণ্য করা হবে।"[33] শাইখ ﷺ একই বক্তব্যে আরো বলেন, "যদি মানুষ ইসলামের সকল বিধান পালন করে কেবল সুদকে হারাম করা ব্যতীত। যেমন তারা সুদী ব্যাংকসমূহের অনুমতি দেয় তাহলে এমন রাষ্ট্রের সংবিধানকে কুফরি সংবিধান হিসেবে গণ্য করা হবে।" শাইখ ﷺ বলেছেন কেবলমাত্র একটি বিধান পালন করা থেকে বিরত থাকলে অথবা কোন একটি হারাম বিষয়ের অনুমতি দিলে সেটাও কুফর হবে।

আমরা জানি, আবু বকর ﷺ কেবলমাত্র যাকাত দিতে অস্বীকৃতি

---

[32] হানাফী মাজহাবের আলেম মুহাম্মদ শফী উসমানী বলেছেন, "ইমাম চতুষ্টয়ের মধ্য থেকে ইমাম মালিক, ইমাম শাফেয়ী ও ইমাম আহমাদ ইবনে হাম্বল–তিনজনই মুখমণ্ডল ও হাতের কব্জি খোলা রাখার মোটেই অনুমতি দেননি- তা ফিতনার আশংকা থাকুক বা না থাকুক। ইমাম আবু হানীফা ফিতনার আশংকা যদি না থাকে এই শর্তে খোলা রাখার কথা বলেন। কিন্তু স্বাভাবিকভাবে এই শর্ত পূরণ হবার নয়, তাই হানাফী ফকীহগণ গায়রে মাহরাম পুরুষের সামনে মুখমণ্ডল ও হাতের কব্জি খোলা রাখার অনুমতি দেননি।" [মা'আরিফুল কুরআনঃ৭/২১৪]

[33] আর-রিসালাতুর রবীআহ ইলা আহলিল ইরাকী খাসসাহ ওয়াল-মুসলিমীনা আম্মাহ

مؤسسة الصوارم
As Sawarim Media

জ্ঞাপনকারীদের রিদ্দাহ'র হুকুম দিয়ে তাদের বিরুদ্ধে যুদ্ধ করেছিলেন। আর সকল সাহাবীগণের ইজমা ছিল যে, এই যুদ্ধ ছিল রিদ্দাহ'র যুদ্ধ। এটাই ত্বইফাতুল মুমতানিআহ'র প্রকৃত অবস্থা। কোন দল বা জামাআত যদি শারয়ী ওয়াজিব বিষয়সমূহের কোন একটি বিষয় পালনে বিরত থাকে যে অবস্থায় তাদের ক্ষমতা ও শক্তি রয়েছে তখন সেই দল বা জামাআতকে ত্বইফাতুল মুমতানিআহ হিসেবে গণ্য করা হয়। আর তালেবান এরকম অনেক শারয়ী বিষয় পালন করা থেকে বিরত রয়েছে। তালেবান সর্বস্বীকৃত এক জুয়াকে অনুমোদন দিচ্ছে ও তাতে অর্থায়ন করছে, সুদভিত্তিক ব্যাংকিং ব্যবস্থার অনুমতি দিচ্ছে, শারয়ী হদ বাস্তবায়ন করা থেকে বিরত থাকছে, ভবিষ্যতে জিহাদ না করার ঘোষণা দিয়েছে, নির্যাতিত মুসলিমদের বর্জন করে হারবী কাফিরদের সাথে মিত্রতা করছে, মুশরিক রাফিদীদের শিরকী উৎসবে পাহারা দিচ্ছে, প্রতিশ্রুতি দিয়ে মূর্তি রক্ষা করছে এবং যারা পরিপূর্ণ শারীয়াহ বাস্তবায়ন করতে চায় তাদের বিরুদ্ধে যুদ্ধ করছে, তাদের হত্যা করছে। এছাড়াও শারয়ী অনেক বিষয় থেকে তালেবান নিবৃত্ত রয়েছে। আর আমরা জানি যে, ত্বইফাতুল মুমতানিআহ'র হুকুম হচ্ছে রিদ্দাহ এবং ইসলাম থেকে বের হয়ে যাওয়া। শাইখ মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহহাব শাইখুল ইসলামের ক্বওল নক্বল করার পর বলেন, "আপনি তার উক্তি ও বর্ণনাটি লক্ষ্য করুন, কারণ ইমামের নিকট যাকাত আদায়ে নিবৃত্ত দলটির সাথে যুদ্ধ করা হয় এবং তাদেরকে কুফরের ও ইসলাম থেকে রিদ্দাহ'র হুকুম দেওয়া হয়, তাদের সন্তান-সন্ততিদের বন্দি করা হয় এবং তাদের সম্পদ গণিমাহ হিসেবে নেওয়া হয়। যদিও তারা যাকাত ওয়াজিব হওয়ার স্বীকৃতি দিত, পাঁচ ওয়াক্ত সালাত আদায় করত এবং যাকাত আদায় ব্যতীত ইসলামের সকল শারয়ী বিষয়সমূহ পালন করত। এগুলো তাদের বিরুদ্ধে যুদ্ধ ও তাদেরকে কুফর রিদ্দাহ'র হুকুম দেওয়াকে বাতিল করতে পারেনি। আর এব্যাপারে কুরআন, সুন্নাহ ও সাহাবীগণের ﷺ ঐক্যমত প্রমাণিত হয়েছে। ওয়াল্লাহু আ'লাম।"[34] তালেবান এরকম কত শারয়ী বিধান পালন করা থেকে বিরত রয়েছে!

[34] আদ-দুরারুস সানিয়্যাহঃ ১০/১৭৯

مؤسسة الصوارم
As Sawarim Media

সুদ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থার অনুমোদন দেয় অনৈসলামিক ইমারাতঃ

আল্লাহ ﷻ সুদ হারাম করেছেন। কিন্তু কুফফার জাতি-গোষ্ঠী মুসলিমদেরকে এই সুদ ভিত্তিক লেনদেনের মধ্যে নিয়ে আসার জন্য সুদী ব্যাংকিং ব্যবস্থা প্রবর্তন করেছে। দুনিয়ালোভী কতিপয় ব্যক্তি কাফিরদের বাতলে দেওয়া পদ্ধতি গ্রহণ করে সুদ ভিত্তিক ব্যাংক প্রতিষ্ঠান গড়ে তুলেছে। আর কুফফার জাতি-গোষ্ঠীর অভিপ্রায় রক্ষা ও নিজেদের ক্ষমতা টিকিয়ে রাখতে গিয়ে মুসলিম নামধারী তাগুত শাসকরা সেই সুদ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থার অনুমোদন দিয়ে দেয়। ইসলামের সুস্পষ্ট একটি হারাম বিধানকে মানুষের জন্য বৈধ করে দেয়। এভাবেই তারা আল্লাহ প্রদত্ত হারাম বিষয়কে বৈধ হিসেবে অনুমোদন দেওয়ার মাধ্যমে হালালে রূপান্তরিত করে। এর থেকে বাদ যায়নি অনৈসলামিক ইমারাতের মুরতাদ তালেবান সরকার। আমেরিকার সৈন্য প্রত্যাহার পরবর্তী আফগানিস্তানের শাসন ক্ষমতায় ফিরে আসা তালেবান ঠিক তার পূর্বের গণতান্ত্রিক সরকারের মতোই সুদ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থা চালু করে দিয়েছে। আফগানিস্তানের প্রতিটি ব্যাংক সুদ ভিত্তিক লেনদেন করে যাচ্ছে। কোন রাগঢাক ছাড়াই ব্যাংকগুলো প্রকাশ্যে বিবৃতি দিয়ে মুসলিমদেরকে সুদী লেনদেন করার প্রতি আহ্বান করছে। আফগানিস্তানের ইসলামী ব্যাংক, ইউনাইটেড ব্যাংক, পশতুনী ব্যাংক, আযীযী ব্যাংক, গাযানফার ব্যাংকসহ অন্যান্য ব্যাংকগুলো সুদ ভিত্তিক ব্যাংকিং ব্যবস্থা পরিচালনা করছে! আমরা এখানে কয়েকটি ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট থেকে সম্প্রতি দেওয়া বিবৃতি তুলে ধরছি।

আফগানিস্তানের আযীযী ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট থেকে সংগৃহীত:

Fixed Deposit

Looking for a safe and secure FIXED DEPOSIT?

Now get higher interest rate for fixed deposits of tenure 3 months up to 5 years Rate of Interest up to AFN 4.50% & USD up to 3.50%

Benefits of Fixed Deposite:

Safe mode of invesment

Offers fixed & stable returns

Credit card against FD

Loan against FD

Premature withdrawals are allowed

Walk into any of our 77 branches to open your FIXED DEPOSITE. To know more

* Minimum amount is not less than AFN 10000 / USD 300[35]

আযীযী ব্যাংকের আরেকটি বিবৃতি-

Earn competitively higher interest on your savings with flexibility, security and excellent returns with Azizi Bank Fixed Deposit Account. Save money for yours & family's future requirements.

Is a form of deposit that Bank provide a higher interest rate of interest than a regular Savings Account, until the given maturity date

Fixed Deposit Account can be opened in AFN and USD only

Minimum period for Fixed Deposit is 3 months or 90 days

Maximum period for Fixed Deposit is 5 years or 60 months

Minimum amount is not less than AFN 10000 / USD 300

Individuals/ Firms/ Corporate / NGOs can open Fixed Deposit.

Azizi Bank offers two variants of Fixed Deposit Accounts for customer flexibility.[36]

আফগানিস্তানের পশতুনী ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট থেকে সংগৃহীত:

Pashtany has the right savings account tailored with the needs of its customers and market. Saving funds with Pashtany Bank will give its customers easy access to their funds in all parts of the country any time. Pashtany Bank account is always at your fingertips with mobile, online banking and other innovative services of Pashtany Bank. With the wide network of Pashtany Bank ATM facility accessing cash will always be easier and safer.

---

[35] https://www.azizibank.af/Pages/Content/27/Fixed%20Deposit

[36] আযীযি ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট লিঙ্ক- https://azizibank.af/#pills-contact

Eligibility:

1-Pashtany Bank Saving Account facility is for individuals.

2-Account can be opened in both Afghani and US dollar

3-Joint Account facility is available.

4-Payment of interest at competitive rates in the market.[37]

আফগানিস্তানের গাযানফার ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট থেকে সংগৃহীত:

Islamic Banking Window of Ghazanfar Bank, provides great opportunity for its customers to earn Halal profit on their saving while having the flexibility to withdraw funds when required, via having Mudarabah Saving account.The Structure is based on the principle of Mudarabah which is strictly in conformity with the rules of Islamic Sharia'h.Under this relationship, the customer is an investor (Rab-ul-Maal) and the bank is Manager (Mudarib) of the deposited fund.Profit Sharing Rule No fixed profit will be committed before or at the time of opening an Account.Eared profit will be divided between bank and customer based on agreed ratio Profit (if any) will be on the minimum balance after Banks quarter.Declared Profit Latest rate announced for Mudarabah saving: 0.57% (For The Month) Eligible Customer Adult individuals, singly or jointly with other adults.Requirement Address proof by taking taskara.Identification proof like passport, voter identity card, identity cards issued by employer.. Latest photograph.Schedule of charges On the closure of account before three months USD $10 will be charged and it will go to the charity Waqf fund account.Cheque book of 25 Leaves shall be issue free for the first time and subsequent issue shall be charged at USD 10. Profit amount will be transferred to the customers accounts after tax deduction.Minimum Amount The minimum initial deposit should be USD 100 or equivalent Minimum account balance to be maintained is AFN 1000 or USD 20 The account holder will be provided unique user ID and secured password to view his account through our internet facility at a later date to becommunicated to him/her.The customer can take print of account statement by using the facility.Maximum Amount LNo Maximum limit.Benefits Free cheque book for the first time Monthly statement

[37] https://pashtanybank.com.af/saving-accounts পশতুনী ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইট লিঙ্ক- https://pashtanybank.com.af

مؤسسة الصوارم
As Sawarim Media

Incompliance with Sharial rules and principles Internet banking.[38],[39]

তালেবান এবার ক্ষমতায় ফিরে আসার পর এই সমস্ত সুদী ব্যাংকের অনুমোদন বহাল রেখেছে! তালেবানের পক্ষ থেকে এই ব্যাংকগুলোর বৈধতা দেওয়াটা সুস্পষ্ট কুফর। শাইখ উসামা বিন লাদিন ﷺ বলেছেন, "সুতরাং যদি মানুষ ইসলামের সকল আহকাম পালন করে সুদকে হারাম করা ব্যতীত, যেমন- তারা সুদী ব্যাংকসমূহের বৈধতা দেয়। সুতরাং এমন রাষ্ট্রের সংবিধানকে কুফরি সংবিধান হিসেবে গণ্য করা হবে। কেননা এই কাজ শারীয়াহ এবং শারীয়াহ অবতীর্ণকারীর পরিপূর্ণ না হওয়ার বিশ্বাসকে শামিল করে। এবং এটা যে একটা বড় কুফর তা গোপন নয় -যা মিল্লাহ থেকে বের করে দেয়।"[40]

---

[38] https://www.ghazanfarbank.com/mudarabah_saving গাযানফার ব্যাংকের অফিসিয়ালি ওয়েবসাইটের লিঙ্ক: https://www.ghazanfarbank.com

[39] কলেবর বৃদ্ধি হয়ে যাওয়ার আশঙ্কায় অন্যান্য ব্যাংকের বিবৃতি উল্লেখ করা হয়নি। সত্যানুরাগী ব্যক্তি ব্যাংকের ওয়েবসাইট থেকে দেখে নিতে পারেন!

[40] আর-রিসালাতুর রবীআহ ইলা আহলিল ইরাকী খাসসাহ ওয়াল-মুসলিমীনা আম্মাহ।

তালেবান পরাজিত হয়েছেঃ

প্রত্যেক বিষয়কেই তার বিপরীত দিক থেকে চেনা যায়। তাই আমরা তালেবানের পরাজিত হওয়ার ব্যাপারটি খোলাসা করার জন্য ওহীয়ে রাব্বানীর আলোকে বিজয় কাকে বলে তা বোঝার চেষ্টা করব ইনশা'আল্লাহ। আমরা জানি যে, পূর্বেকার যামানায় একদল লোক যারা ঈমান এনেছিলেন, যাদের সবাইকে একত্রে হত্যা করা হয়। এমনকি ঐ মু'মিনদের একজনও বাকি ছিল না, যে তাদের পরবর্তীতে অন্য কাউকে আল্লাহর একত্ববাদের দিকে ডাকবে, তাওহীদের দিকে ডাকবে। এমন কিছু লোকের কর্মের ব্যাপারে আমাদের দয়াময় রব বলেন,

﴿ذَٰلِكَ ٱلۡفَوۡزُ ٱلۡكَبِيرُ﴾

"এটা বিরাট সফলতা।"[41]

কুরআনে যে ঘটনা আসহাবুল উখদুদের ঘটনা নামে উল্লেখ আছে। আসহাবুল উখদুদের ব্যক্তিগণের শুধুমাত্র ঈমান আনা এবং ঈমানের উপর অটল অবিচল থেকে মৃত্যুবরণ করতে পারাকেই আল্লাহ সুবহানাহু বিরাট সফলতা হিসেবে উল্লেখ করেছেন। যেন আমরা শিক্ষা অর্জন করতে পারি এবং বিশুদ্ধ আক্বীদাহ ধারণকারী অবস্থায় মৃত্যুবরণ করতে পারার মহান মর্যাদা সম্পর্কে অনুধাবন করতে পারি। তাহলে আমরা বুঝতে পারলাম যে, তাওহীদের উপর অটল অবিচল থেকে মৃত্যুবরণ করাকে বিরাট সফলতা বা বিজয় বলা হয়। বিপরীতে তাওহীদ এবং বিশুদ্ধ আক্বীদাহ'র পথ থেকে পদস্খলিত হওয়াকেই পরাজয় বলে। এমনটিই বলেছেন আমাদের পূর্বসূরী শাইখুল মুজাহিদ ইউসুফ আল-উআইরী رحمه الله তার কিতাব "**ثوابت على درب الجهاد**" এ। তিনি পরাজয়ের ৮টি ধরন উল্লেখ করেছেন। তা হল-

১। কুফফারদের পথ অনুসরণ করা।

২। কাফিরদের প্রাধান্য মেনে নেওয়া।

---

[41] সুরা বুরূজঃ ১১

مؤسسة الصوارم
As Sawarim Media

৩। কুফফারদের প্রতি ঝুঁকে পড়া।

৪। কুফফারদের আনুগত্য করা।

৫। হতাশ হয়ে পড়া।

৬। জিহাদের পতাকা ছেড়ে দেওয়া।

৭। সামরিক বিজয়ের আশা ছেড়ে দেওয়া।

৮। শত্রুকে ভয় পাওয়া।[42]

তালেবান পরাজিত হয়েছে। কারণ যদি কোন ব্যক্তি বা গোষ্ঠী তার আদর্শ পরিবর্তন করে তাহলে সেটাই হল তার পরাজয়। আর তালেবান বদলে গেছে, এর জ্বলন্ত প্রমাণ হল- মোল্লা ওমার ﵀ এর নেতৃত্বাধীন তালেবান ছিল মূর্তি ধ্বংসকারী। আর বদলে যাওয়া তালেবান হল মূর্তি প্রতিরক্ষাকারী। মোল্লা মুহাম্মাদ ওমার ﵀ এর তালেবানের কাছে একজন মুসলিমের মূল্য একটি ইসলামী ইমারাতের চাইতেও বেশি ছিল। এজন্যই তারা শাইখ উসামা ﵀ কে আমেরিকার হাতে তুলে দেয়নি। আর বর্তমান তালেবান মূলত ক্ষমতায় এসেছে জিহাদের দাবিদার কোন দল যেমন- আল-কায়দা এবং দাওলাহ'কে আফগানিস্তানের ভূমি ব্যবহার করতে দেবে না ও এদেরকে পরিপূর্ণরূপে নিধন করবে এই শর্ত মেনে নিয়ে। যেহেতু তালেবান বদলে গেছে এবং তালেবানের আদর্শ পরিবর্তন হয়েছে তাই তালেবানই পরাজিত হয়েছে। ইউ.এস রিপোর্ট এবং ওয়ার্ল্ড রিপোর্টের একটি গবেষণায় দেখা গেছে যে, ইউ.এস গভর্নমেন্ট মুসলিম বিশ্বের হৃদয় ও মন জয় করতে কতখানি তৎপর যা সন্ত্রাসবিরোধী যুদ্ধের একটি অখণ্ড অংশ। বোঝা যাচ্ছে যুদ্ধের এই অদৃশ্য অংশ যুদ্ধক্ষেত্রের মত একই রকমভাবে কতখানি গুরুত্বপূর্ণ অথবা তার চেয়ে কত বেশি গুরুত্বপূর্ণ? এটা প্রকাশ করে আমেরিকার সরকার মুসলিম মৌলবাদীদের সাথে একই সাথে বসতে ও কাজ করতে আগ্রহী, যদি তারা দু'টি বিষয় মেনে নেয়ঃ গণতন্ত্রের নিয়ম অনুযায়ী চলতে রাজি হয় এবং সন্ত্রাসবিরোধী

[42] বিস্তারিত "ثوابت على درب الجهاد" কিতাব থেকে দেখে নিতে পারেন।

مؤسسة الصوارم
As Sawarim Media

অভিযানে তাদের একটি অংশ হিসেবে কাজ করে। আমেরিকা সবসময়ই পৃথিবীর বিভিন্ন প্রান্তে চলমান জিহাদকে সন্ত্রাসবাদ নাম দিয়ে এর বিরুদ্ধে সবাইকে তাদের সাথে কাজ করতে বলে থাকে। অনেক মুসলিম এবং নামধারী ইসলামিক সংগঠন আছে যেমন- তালেবান–যারা এই প্রস্তাব গ্রহণ করেছে এবং সন্ত্রাসবাদের বিরুদ্ধে তারা আমেরিকার সরকারের সাথে কাজ করার ব্যাপারে ঐক্যমতে পৌঁছেছে। তাদের পদক্ষেপের পক্ষে যুক্তি হল তারা (কথিত) ইসলামী ইমারত প্রতিষ্ঠার জন্য এমন করছে। প্রকৃতপক্ষে এগুলো সাধারণ উক্তি ছাড়া কিছুই না যা যেকোনো উপলক্ষে ব্যবহার করা যায়, এমনকি যদি তা ইসলামের নামেও হয়। তথাপি তালেবান কুফফারদের তরফ থেকে কী অর্জন করেছে তা কোন বিষয়ই না। তা নিতান্তই মূল্যহীন। আল্লাহর এমন মানুষের প্রয়োজন নেই যারা নিজ দ্বীন নিয়ে কুফফারদের সাথে আপোষ করে ক্ষমতা এবং সম্মান লাভ করার জন্য।

প্রিয় পাঠক! আমেরিকা ২০০১ সালে কেন আফগানিস্তানে হামলা চালিয়েছিল? কারণ কি এটা ছিল না যে, শাইখ উসামা ﵀ কে আমেরিকার কাছে তুলে দিতে মোল্লা ওমার ﵀ এর অস্বীকৃতি জ্ঞাপন করা? তখন আমেরিকার চাহিদা ছিল আফগানিস্তান যেন তাদের ভাষায় সন্ত্রাসীদের[43] ঘাটিতে পরিণত না হয় এবং শাইখ উসামা বিন লাদেন ﵀ কে যেন ওদের হাতে তুলে দেওয়া হয়। মোল্লা মুহাম্মাদ ওমার ﵀ কি ওদের দাবি পূরণ করেছিলেন? তিনি ছিলেন আত্মমর্যাদা সম্পন্ন একজন ব্যক্তি। যে দাবি মানতে বাধ্য করার জন্য আমেরিকা ও তার ন্যাটোজোট আজ থেকে ২২ বছর আগে আফগানিস্তানে আক্রমণ চালিয়েছিল সেই দাবিই বর্তমান তালেবান মেনে নিয়েছে। শুধু লাঞ্ছনাদায়ক ও অপমানমূলক এই শর্ত মেনেই নেয়নি বরং তারা তা কাজে বাস্তবায়ন করে আমেরিকা ও এর মিত্রদের আশ্বস্ত করার চেষ্টা করেছে। মোদ্দাকথা যে দাবি না মানার কারণে যুদ্ধ শুরু হয়েছিল, ২০ বছর পর তা মেনে নেওয়া কি পরাজয় নয়? জি হ্যাঁ! এটাই প্রকৃতার্থে সুস্পষ্ট পরাজয়। যতই মোহনীয় কণ্ঠে একে ফাতহে মুবীন বলে প্রচার চালিয়ে এই সুস্পষ্ট পরাজয়কে ঢাকার ব্যর্থ চেষ্টা করুক না কেন আসলে তা ঢেকে রাখা সম্ভব নয়।

[43] সন্ত্রাসীদের অর্থাৎ হক্বপন্থী মুজাহিদদের।

مؤسسة الصوارم
As Sawarim Media

কাফিরদের প্রাধান্য মেনে নেওয়া কি পরাজয় নয়? অবশ্যই কাফিরদের প্রাধান্য মেনে নেওয়া মানে পরাজিত হওয়া। তাই তালেবান পরাজিত হয়েছে। কারণ তালেবান জাতিসংঘ নামক কুফরি সংঘের সদস্য হতে চেয়েছে। আর এটা কাফিরদের প্রাধান্য মেনে নেওয়ার নামান্তর।

জিহাদ ছেড়ে দেওয়া কি পরাজয় নয়? নিশ্চিতভাবেই জিহাদ পরিত্যাগ করা মানে পরাজিত হওয়া। শত্রুরা আমাদের কাছে কী চায়? তারা চায় আমরা যেন ওদের বিরুদ্ধে যুদ্ধ বন্ধ করে দেই। তাই নয় কি? কাফিররা চায় আমরা যেন ওদের বিরুদ্ধে যুদ্ধ বন্ধ করি আর আমরাও ওদের চাওয়া মত কাজ করলাম। তাহলে এটাই তো পরাজয়। আর আমরা জেনেছি যে, তালেবানের এক মুফতী ফাতাওয়া দিয়েছে - আফগানিস্তানের বাইরে জিহাদ করা বৈধ নয়। তাহলে তালেবানের ফাতাওয়া অনুযায়ী আফগানিস্তানের বাইরে কোন জিহাদ নেই। আর তাদের নেতা জবিহুল্লাহ মুজাহিদ কাবুল দখলের পরই ঘোষণা করেছিল, আমাদের যুদ্ধ শেষ। অথচ রাসুল ﷺ বলেছেন, "আমার উম্মাতের একদল লোক হক্বের উপর দৃঢ় থেকে বিজয়ীরূপে ক্বিয়ামত পর্যন্ত যুদ্ধ করতে থাকবে।" যুদ্ধ ক্বিয়ামত পর্যন্ত চলতে থাকবে। অপরদিকে তালেবানের যুদ্ধ শেষ হয়ে গেছে। যেহেতু তালেবান যুদ্ধ ছেড়ে দিয়েছে তাই তারা পরাজিত হয়েছে। তালেবান পরাজিত হয়েছে, কারণ শাইখুল মুজাহিদ ইউসুফ আল-উআইরী ﷺ বলেছেন সামরিক বিজয়ের আশা ছেড়ে দেওয়াটাও এক ধরনের পরাজয়। তালেবান ক্বিতালের মাধ্যমে বিজয়ের আশা ছেড়ে দিয়ে কূটনৈতিক তৎপরতা, আলোচনা, সমঝোতার দিকে ঝুঁকে পড়েছে এবং এর মাধ্যমেই সমাধান খুঁজছে। এর প্রমাণ পাওয়া যায় আফগানের শিরকী জাতীয়তাবাদী ১০৪ তম স্বাধীনতা দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে দেওয়া মৌলভী আব্দুল কাবীরের (উপ প্রধানমন্ত্রী) বক্তব্যে। সুতরাং তালেবান পথভ্রষ্ট হয়েছে এবং পরাজিত হয়েছে।

مؤسسة الصوارم
As Sawarim Media

দ্বিতীয় অধ্যায়ঃ



আল-কায়দা প্রসঙ্গঃ

ASSAWARIM

পটভূমিঃ

শাইখ উসামা ﵀ এর নেতৃত্বাধীন তানযীম আল-কায়দা। একটি আবেগের নাম, একটি অনুভূতি ও মুসলিম উম্মাহ'র গৌরবোজ্জ্বল অধ্যায়ের নাম। সৈর্য-বীর্য, ত্যাগ-তিতিক্ষা আর কুরবানির উপাখ্যানে ভরপুর ছিল শাইখ উসামার নেতৃত্বাধীন তানযীম আল-কায়দা। তানযীম আল-কায়দার প্রতিষ্ঠাতা এবং আমীর শাইখ উসামা বিন লাদিন ﵀ ছিলেন বিংশ শতাব্দীতে শাইখুল মুজাদ্দিদ মুহাম্মাদ বিন আব্দুল ওয়াহহাব ﵀ এর আদর্শের সত্যিকারের ধারক-বাহক। পৃথিবীর বুকে অনেকগুলো ময়দানে জিহাদ বিস্তৃত হওয়ার ক্ষেত্রে যার অবদান অনস্বীকার্য তিনি হলেন শাইখ উসামা ﵀- তার জীবদ্দশায় সুউচ্চ লক্ষ্য-উদ্দেশ্যকে সামনে রেখে এগিয়ে চলছিল তানযীম আল-কায়দা। টুইনটাওয়ারে হামলা এবং পরবর্তীতে আফগানিস্তানে আগ্রাসন চালানোর ২ বছর পার না হতেই ইরাকে হামলা চালায় ক্রুসেডার আমেরিকা ও তার জোট। ক্রুশের দম্ভ চূর্ণকারী উম্মাহ'র মহান বীর শাইখ আবু মুসআব আয-যারকাওয়ীর নেতৃত্বে ইসলামের একদল সিংহ শার্দূলেরা ইরাকে আমেরিকার কবর রচনা করতে থাকেন–আল্লাহর অশেষ অনুগ্রহে।

২০০৪ সালে আবু মুসআব আয-যারকাওয়ী ﵀ তার প্রতিষ্ঠিত দল জামাআতুত তাওহীদ ওয়াল-জিহাদসহ আল-কায়দার আমীর শাইখ উসামাকে বাইআত প্রদান করেন। দিনকে দিন আমেরিকার বিরুদ্ধে মুসলিমদের যুদ্ধ তীব্র থেকে তীব্রতর হতে থাকে। মুজাহিদগণ ২০০৬ সালের জানুয়ারি মাসে ইরাকে মাজলিসে শুরাল মুজাহিদীন গঠন করতে সক্ষম হন–বি-ইযনিল্লাহ। এরপর উম্মাহ'র মহান বীর আবু মুসআব আমেরিকার বিমান হামলায় শাহাদাত বরণ করেন এবং কিছু দিনের মধ্যেই হিলফুল মুতায়্যিবীন গঠন হয়। আবু মুসআব আয-যারকাওয়ীর পর দুই নদীর দেশে আল-কায়দার আমীর হন শাইখ আবু হামজা আল-মুহাজির। রমাদান ১৪২৭ হিজরী মোতাবেক ২০০৬ সালের অক্টোবরে দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ গঠন করে ইরাকের মুজাহিদ দলগুলো। জাইশু আহিলস সুন্নাহ এবং আল-কায়দাসহ অন্যান্য সংগঠনগুলো দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র সাথে একীভূত হয়ে যায় ও নিজেদেরকে বিলুপ্ত ঘোষণা করে। এব্যাপারে আল-কায়দার

مؤسسة الصوارم
As Sawarim Media

তখনকার আমীর শাইখ আবু হামজা আল-মুহাজির ﷾ বলেন, "যেহেতু এখন সত্যবাদিতা ও চুড়ান্ত ফয়সালার সময় হয়েছে। তাই আমি সম্মানিত শাইখ ও অগ্রগামী বীরকে উদ্দেশ্য করে বলছি, যিনি কুরাইশী, হাশিমী ও নসবের দিক থেকে হুসাইনী, আমীরুল মু'মিনীন আবু ওমার আল বাগদাদী, আমি আপনাকে বাইআত দিচ্ছি। আমি শপথ করছি যে, আপনার কথা শুনবো ও মানবো, সন্তুষ্টিতে ও অসন্তুষ্টিতে, সুখে ও দুখে এবং নিঃস্বার্থভাবে। আমি শপথ করছি নেতাদের সাথে বিবাদ না করার। আমি শপথ করছি যে, আমি যেখানেই থাকি না কেন সত্য বলবো এক্ষেত্রে কোন নিন্দুকের নিন্দার পরোয়া করব না। আমরা মাজলিসু শুরাল মুজাহিদীনসহ যা কিছু গঠন করেছিলাম সবকিছু মাজলিসের ভাইদের পক্ষ থেকে দাওলাতুল ইরাক আল ইসলামিয়্যাহ'র সাথে মিশে যাওয়ার ঘোষণা দিচ্ছি। আপনার সরাসরি নেতৃত্ব ও হস্তক্ষেপের অধীনে পেশ করছি ১২ হাজার যোদ্ধা যারা আল-কায়েদার সৈন্য, যারা প্রত্যেকেই আল্লাহর রাস্তায় মৃত্যুর ব্যাপারে বাইআত গ্রহণ করেছে। এবং আরো ১০ হাজারের বেশি লোককে, যাদের দৈহিক প্রস্তুতি এখনো সম্পন্ন হয়নি। ওই সত্তার কসম, যিনি খুঁটি ছাড়াই আসমানকে উঁচু করেছেন, আপনি যদি আমাদের নিয়ে সমূদ্রেও ঝাপিয়ে পড়েন, তবে আমরা সবাই আপনার সাথে সমূদ্রে ঝাপিয়ে পড়বো। আমাদের একজন লোকও তা থেকে পিছিয়ে থাকবে না। সুতরাং আজ থেকে আমরা আপনার আত্মমর্যাদাশীল সৈনিক ও নিষ্ঠাবান লোক।"

দৃঢ়তা ও দূরদর্শিতার সাথে দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র অগ্রযাত্রা অব্যাহত থাকে। এক পর্যায়ে ২০১১ সালে আমেরিকা পরাজিত হয়ে ইরাক ছাড়তে বাধ্য হয়। ২০১১ সালে শামে মুসলিমদের উপর নির্যাতনের মাত্রা ব্যাপকভাবে বৃদ্ধি পেলে দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র দ্বিতীয় আমীর আবু বকর আল-বাগদাদী আল-কুরাইশী ﷾ নির্যাতিত মুসলিমদের সাহায্যার্থে একটি বাহিনী প্রেরণ করেন। এই বাহিনীর নাম দেন জাবহাতুন নুসরাহ এবং এর আমীর হিসেবে নির্ধারণ করেন তার অনুগত সৈনিক আবু মুহাম্মাদ আল-জুলানীকে। আর খুব স্বাভাবিকভাবেই জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র একটি অংশ হওয়ার কারণে তা দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র আক্বীদাহ-

مؤسسة الصوارم
As Sawarim Media

মানহাজের ধারক-বাহক ছিল। শামের অনেকেই জাবহাতে যোগদান করে এবং আক্বীদাহ-মানহাজের বিশুদ্ধতার কারণে মুহাজিরদের উল্লেখযোগ্য অংশ জাবহাতে অন্তর্ভুক্ত হয়। দাওলাতুল ইরাকের বাইতুল মালের অর্ধেক সম্পদ জুলানীর নেতৃত্বে থাকা জাবহাতুন নুসরাহ'র জন্য প্রেরণ করা হত। আল্লাহর অনুগ্রহে জাবহাতুন নুসরাহ শামের বিস্তৃত অঞ্চল বিজয় করতে সক্ষম হয়। জাবহাতুন নুসরাহ নুসাইরী রাফিদীদের বর্বর নির্যাতনের কবল থেকে মুসলিমদের রক্ষা করতে অপ্রাণ চেষ্টা চালিয়ে যেতে থাকে। শামে বিজয়াভিযান অব্যাহত থাকে কিন্তু দাওলাতুল ইসলামের আক্বীদাহ-মানহাজ অনুযায়ী শামে বিজয়সমূহের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জিত হয়নি। আবু বকর আল-বাগদাদী ﷾ এর কাছে এই সংবাদ পৌঁছেছে যে, আবু মুহাম্মাদ জুলানী এবং তার আশেপাশের লোকজন দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র মানহাজ থেকে বিচ্যুত হয়েছে। আবু মুহাম্মাদ জুলানী শিরক, রিদ্দাহ'র দলগুলোকে এবং তাদের মন্দ পরিচালনা কমিটি ও আঞ্চলিক গোষ্ঠীর শক্তিকে সন্তুষ্ট করার জন্য জোড় চেষ্টা চালিয়ে যাচ্ছিলো। সারির অভ্যন্তরে ষড়যন্ত্রকারী ও খিয়ানতকারী একদলের পক্ষ থেকে কার্যত বিজয় নষ্টকরণ ও ছিনিয়ে নেওয়ার হুমকি আসছিল। উদ্ভূত পরিস্থিতিতে আবু বকর আল-বাগদাদী ﷾ তার পক্ষ থেকে একজন প্রতিনিধি পাঠিয়ে মূল বাস্তবতা উন্মোচন এবং বিষয়গুলো সংশোধন করতে চাইলেন। তাই শাইখ বাগদাদী ﷾ শাইখুল মুজাহিদ আবু আলী আল-আনবারী ﷾ কে শামে পাঠানোর ইচ্ছা করলেন।

শাইখ আবু আলী আল-আনবারী ﷾ পুরো শাম জুড়েই সফর করেন। তিনি শামের প্রতিটি অঞ্চলেই যান। সেখানে তিনি জাবহাতুন নুসরাহ'র নেতৃবৃন্দ এবং সৈনিকদেরকে বুঝানোর চেষ্টা করেন এবং সংশোধনের চেষ্টা করতে থাকেন। পরবর্তীতে তিনি জুলানীর সাথে থেকে যান এবং তাকেও সংশোধনের চেষ্টা করে যান। কারাগারে এক সাথে থাকার কারণে শাইখ আবু আলী আল-আনবারী আবু মুহাম্মাদ জুলানীকে আগে থেকেই চিনতেন। সেখানে থাকা অবস্থাতেই শাইখ আবু আলী আল-আনবারী ﷾ আবু বকর আল-বাগদাদী ﷾ কে চিঠি লিখে আবু মুহাম্মাদ জুলানীর ব্যাপারে অবহিত করেন। তিনি চিঠিতে লিখেনঃ "একজন প্রতারক

مؤسسة الصوارم
As Sawarim Media

দ্বিমুখী লোক, যে নিজেকেই পছন্দ করে এবং নিজের সৈনিকদের দ্বীনদারিত্বের ব্যাপারে কোন পরোয়া করে না। সে তার সৈনিকদের রক্ত বিসর্জন দিতে উদ্যত হয় যেন মিডিয়াতে তার আলোচনা নিশ্চিত হয়। আর যখন মিডিয়াতে তার নাম আলোচিত হয় তখন সে শিশুদের মত খুশিতে উড়তে থাকে।”[44]

শামে বিশৃঙ্খলা সৃষ্টি করেছে জুলানীঃ

দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ’র বিচক্ষণ নেতৃবর্গের নিকট এ বিষয়টি স্পষ্ট হয়ে যায় যে, আবু মুহাম্মাদ জুলানী প্রতারণার আশ্রয় নিচ্ছে, এমনকি বিচ্ছিন্নতা প্রকাশ করার জন্য উপযুক্ত সময় খুঁজছে। তখনই দাওলাহ’র নেতৃবর্গ ঠিক করেন, তারা দ্রুততার সাথে সিদ্ধান্ত গ্রহণ করবেন যেন জুলানীকে সরিয়ে জাবহাতুন নুসরাহ’র জন্য নতুন নেতৃত্ব নির্ধারণ করা যায়। যেহেতু জুলানী প্রতিশ্রুতি ভঙ্গ এবং দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ’র থেকে বের হয়ে যাওয়ার পরিকল্পনা করছিল। তাই দাওলাহ’র নেতৃত্ব অনুভব করল, যদি তারা জুলানীকে সরিয়ে অন্য নতুন কোন নেতৃত্ব নির্ধারণ করে তাহলে বিষয়টি ব্যাপক মাসলাহার পরিপন্থি হবে। আর একারণেই শাইখ আবু বকর আল-বাগদাদী ﷺ তড়িৎ গতিতে জাবহাতুন নুসরাহ’র নাম বিলুপ্ত করে দেন এবং স্পষ্টভাবে ঘোষণা দেন যে, জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইসলামের অনুগামী একটি শাখা। এই সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে শাইখ বাগদাদী ﷺ কে শাইখ আবু আলী আল-আনবারী ﷺ সাহায্য করেন। আমীরুল মু’মিনীন শাইখ আবু বকর আল-বাগদাদী ﷺ ইরাক এবং শামের মুজাহিদগণ ও আহলুস সুন্নাহ’কে উদ্দেশ্যে করে একটি বক্তব্য প্রদান করেন। তিনি তাতে বলেন, “জাবহাতুন নুসরাহ দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ’র সম্প্রসারণ এবং এরই একটি অংশ। আর আমরা আল্লাহ তা’আলার নিকট ইস্তেখারা করার পর এবং আমরা যাদেরকে দ্বীনের ও প্রজ্ঞার ব্যাপারে বিশ্বস্ত মনে করি তাদের সাথে পরামর্শ করার পর দৃঢ় প্রতিজ্ঞ হয়েছি যে, আল্লাহর সন্তুষ্টি সবকিছুর ঊর্ধ্বে–এর কারণে

[44] লুমহাতুন মিনান-নাশআতি ইলাত-তামাদ্দুদ

مؤسسة الصوارم
As Sawarim Media

আমাদেরকে যা গ্রাস করার করুক। তাই আমরা আল্লাহর উপর ভরসা করে 'দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ' নাম বাতিল করার ও 'জাবহাতুন নুসরাহ' নাম বাতিল করার ঘোষণা দিচ্ছি এবং আমরা আরো ঘোষণা দিচ্ছি, এ দু'টিকে একই নামে অন্তর্ভুক্ত করার, তা হল দাওলাতুল ইসলামীয়্যাহ ফীল ইরাক ওয়াশ শাম।"

যখন আবু মুহাম্মাদ জুলানী এই বিষয়টি জানতে পারল তখন তড়িৎ গতিতে এই সিদ্ধান্ত প্রত্যাখ্যান করল। আর সে দাবি করল যে, তার জানামতে কারো সাথেই এই সিদ্ধান্ত গ্রহণের ব্যাপারে পরামর্শ করা হয়নি। তাই সে দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র বাইআত ভঙ্গ করল এবং ডাক্তার আইমান আয-যাওয়াহিরীকে বাইআত প্রদানের ঘোষণা দিল। এর মাধ্যমে জুলানীই শামে বিশৃঙ্খলা সৃষ্টি করল। প্রিয় ভাই! আপনি অবশ্যই খেয়াল করেছেন যে, আবু মুহাম্মাদ জুলানী দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র আমীর শাইখ আবু বকর আল-বাগদাদী ﷺ এর অধীনস্ত হওয়া সত্ত্বেও প্রতারণামূলকভাবে ডাক্তার আইমান আয-যাওয়াহিরীকে বাইআত প্রদানের ঘোষণা দেয় এবং এর মাধ্যমেই প্রথম মু'মিনদের মাঝে বিচ্ছিন্নতা সৃষ্টি করে। উম্মাহ'র সামনে জুলানীর পদস্খলনের একটি ধাপ স্পষ্ট হয়ে ওঠে।

মু'মিনদের মাঝে বিভক্তি তৈরির জন্য যাওয়াহিরীই দায়ীঃ

মু'মিনদের মাঝে বিভক্তি তৈরি করে জুলানী আর এই বিভক্তিকে প্রতিষ্ঠিত করে ডাক্তার আইমান আয-যাওয়াহিরী। হ্যাঁ, তিনি-ই মু'মিনদের মধ্যে এই বিভক্তি প্রতিষ্ঠিত করেন। ডাক্তার আইমান আয-যাওয়াহিরীকে দাওলাতুল ইসলামের পক্ষ থেকে জুলানীর বাইআত গ্রহণ না করতে বারংবার অনুরোধ করা হয়েছে তথাপি তিনি কর্ণপাত করেন নি। তালেবানের তৎকালীন ইমারাহ যেমন একটি স্বাধীন ইমারাহ ছিল ঠিক তেমনি ইরাকের দাওলাহও একটি স্বাধীন ইমারাহ ছিল–কোন রাষ্ট্র বা গোষ্ঠীর আনুগত্যে বা অধীনে ছিল না। আর ডাক্তার আইমান আয-যাওয়াহিরী নিজে তালেবানের অধীনস্ত হওয়া সত্ত্বেও তিনি অন্য আরেকটি স্বাধীন

مؤسسة الصوارم
As Sawarim Media

ইমারাহ'র বাইআত ভঙ্গকারী জুলানীর বাইআত গ্রহণ করা এবং জাবহাতুন নুসরাহ'কে শামে আল-কায়দার শাখা হিসেবে ঘোষণা করার মাধ্যমে তিনি-ই মু'মিনদের মাঝে বিচ্ছিন্নতা প্রতিষ্ঠিত করেন–ওয়াল-ইয়াযুবিল্লাহ্। দাওলাহ'র নেতৃবর্গের পক্ষ থেকে বারবার অনুরোধ করা সত্ত্বেও তিনি খিয়ানতকারী জুলানীর বাইআত গ্রহণ করার দ্বারা উম্মাহ'র মাঝে বিভক্তির এক দেয়াল টানলেন। সাথে সাথে চরম অদূরদর্শিতার পরিচয় দিলেন। হে ডাক্তার! আপনি উম্মাহ'কে এক অপূরণীয় ক্ষতির মুখে ঠেলে দিলেন, ঠেলে দিলেন এক রক্তক্ষয়ী সংঘর্ষের দিকে। এই প্রবাহিত রক্তের সব দায়ভার আপনারই, আপনার নির্বুদ্ধিতার কারণেই এসব ঘটেছে।

প্রিয় পাঠক! আপনি অবশ্যই জানেন যে, ডাক্তার সাহেবকেও ফাঁকি দিয়েছে জুলানী। খিয়ানতকারী মুরতাদ জুলানীর মুখোশ উম্মাহ'র সামনে আরেকবার উন্মোচিত হয়েছে। যেভাবে দাওলাহ'র সাথে প্রতারণা ও বিশ্বাসঘতকতা করেছে ঠিক সেভাবেই ডাক্তার আইমান আয-যাওয়াহিরীর সাথে বিশ্বাসঘাতকতা করেছে। যুগে যুগে খিয়ানতকারীরা এমনই ছিল। এ ক্ষেত্রেও ইতিহাস তার পুনরাবৃত্তি করেছে। সুতরাং মু'মিনদের মাঝে বিভক্তি তৈরি করেছে ডাক্তার আইমান আয-যাওয়াহিরী এবং আবু মুহাম্মাদ জুলানী। দাওলাতুল ইসলাম কখনোই মুসলিমদের মাঝে বিভক্তি তৈরি হোক তা চায়নি এবং দাওলাহ কখনোই বিভক্তি তৈরি করেনি। দাওলাহ-ই পৃথিবীর আনাচেকানাচে অবস্থানরত মুজাহিদগণকে এক ইমাম এবং এক পতাকাতলে ঐক্যবদ্ধ হওয়ার জন্য আহ্বান করে। শুধু তাই নয় বরং দাওলাহ'র নেতৃবৃন্দ নবুওয়াতের আদলে খিলাফাহ প্রতিষ্ঠার মাধ্যমে পৃথিবীব্যাপী মুসলিমদের ঐক্যের পথ আরো সুগম করে দিয়েছেন–আলহামদুলিল্লাহ। এ পর্যায়ে আমরা আমাদের পূর্বের আলোচনায় ফিরে যাচ্ছি– আমীরুল মু'মিনীন শাইখ আবু বকর আল-বাগদাদী ﷺ দাওলাতুল ইসলাম ফীল ইরাক ওয়াশ শাম ঘোষণা করার পর জুলানী বিশ্বাসঘাতকতা করলেও জুলানীর অধীনস্ত সবাই জুলানীর অনুসরণ করেনি। বরং তারা দাওলাহ'র কেন্দ্রীয় আমীরের আদেশের অনুসরণ করে এবং জুলানীকে ত্যাগ করে। যেমন– রাক্কাহ'র প্রায় সবাই জুলানী থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। হালাবে

مؤسسة الصوارم
As Sawarim Media

৮০% জুলানী থেকে বিচ্ছিন্ন হয়। ইরাক শামের সীমান্তবর্তী অঞ্চলে সবাই জুলানীকে ত্যাগ করে। দামেস্ক এবং দামেস্কের পল্লী অঞ্চলে বিভক্ত হয়ে যায়। কেউ দাওলাহ'র কেন্দ্রের অধীনে থেকে যায় আর কেউ জুলানীর সাথে যোগ দেয়। দার'আ অঞ্চলের সবাই জুলানীর সাথে যোগ দেয়। দেইরায-যোর এ দামেস্কের মত অবস্থা হয়। 'জাইশুল মুহাজিরীন ওয়াল আনসার' এর আমীর শাইখুল মুজাহিদ আবু ওমার আশ-শিশানী ﷺ তার অধিকাংশ সৈন্য নিয়ে দাওলাহ'কে বাইআত দেন। এছাড়াও অন্য অনেকে দাওলাহ'তে যোগদান করেন।

প্রিয় ভাইগণ! আমি বুঝাতে পেরেছি যে, এই ফুরক্বাত তথা বিভক্তির জন্য নিরঙ্কুশভাবে জুলানী এবং ডাক্তার যাওয়াহিরী দায়ী। দাওলাহ এর থেকে মুক্ত। কারণ তারা শুধু বিভক্তি সৃষ্টি করেই ক্ষ্যান্ত থাকেনি বরং দাওলাহ'কে খারিজি ফাতাওয়া দিয়ে সবাইকে দাওলাহ'র বিরুদ্ধে যুদ্ধ করতে প্ররোচিত করেছে। বস্তুত আমরা দেখতে পাই, সাহওয়াতরা হালাবের পল্লী এলাকার আতারিবে দাওলাহ'র ঘাটিতে হামলা করে অনেক আনসার এবং মুহাজিরগণকে হত্যা করে। আর এই হামলা করার মাধ্যমেই সাহওয়াতরা দাওলাহ'র বিরুদ্ধে লড়াই শুরু করে। আর যে প্রথমে শুরু করে সেই অধিক জালিম। তারাই উম্মাহ'র মাঝে পরস্পর লড়াইয়ের সূচনা করে। ঐ সময়টাতে দাওলাহ নুসাইরিদের বিরুদ্ধে বড়সড় অভিযানের প্রস্তুতি নিচ্ছিল। আর এর সুযোগ নিয়ে সাহওয়াতরাই বিভিন্ন স্থানে দাওলাহ'র উপর অতর্কিতে হামলা চালায়। এই সমস্ত হামলাগুলোতে দাওলাহ'র ব্যাপক ক্ষয়ক্ষতি হয়। এছাড়াও পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে হিজরত করে আসা মুহাজির নারী-পুরুষদেরকে বিশ্বাসঘাতকতা করে হত্যা করে–ওয়াল-ইয়াযু বিল্লাহ্। এভাবে তারা দিনের পর দিন নিকৃষ্ট সব অপরাধ সংঘটিত করতে থাকে। এই ঘটনা প্রবাহগুলোর আলোকে স্পষ্টভাবে বুঝা যায় যে, একটি পরস্পর লড়াই অবশ্যম্ভাবী। কারণ যেহেতু শামে মুসলিমদের প্রধান শত্রু নুসাইরী বাহিনী এবং এর মিত্ররা। আর দাওলাহ নিরবিচ্ছিনভাবে নুসাইরীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে আসছিল। অপরদিকে শামের সাহওয়াতরা বারবার দাওলাহ'র উপর অতর্কিতে হামলা করছিল। সাহওয়াতদের হামলার কারণে নুসাইরীদের বিরুদ্ধে দাওলাহ'র যুদ্ধ বাধাগ্রস্ত হচ্ছিল। তাই বিষয়টি

সময়ের দাবি যে, সাহওয়াতদেরকে দমন করা হবে যেন নুসাইরীদের বিরুদ্ধে যুদ্ধে মনোনিবেশ করা যায়। প্রকৃতপক্ষে দাওলাহ সাহওয়াতদের বিরুদ্ধে যুদ্ধ করতে বাধ্য হয়। আর এই পরস্পর লড়াইয়ের দায়ভারও কোনভাবেই দাওলাহ'র উপর বর্তায় না। খলীফাতুল মুসলিমীন শাইখ আবু বকর আল-বাগদাদী ﷺ এর বক্তব্য আমাদের দাবির ব্যাপারে সত্যায়ন করে। তিনি তার এক বক্তব্যে দাওলাহ'র সৈনিকদের উদ্দেশ্যে করে বলেন, "আপনারা এমন ব্যক্তিদের থেকে বিরত থাকুন যারা আপনাদের থেকে বিরত রয়েছে। আপনাদের অস্ত্র তাদের দিকে তাক করুন বিভিন্ন দলের মধ্য থেকে যারা আপনাদের বিরুদ্ধে যুদ্ধ করছে। আর ক্ষমা এবং নম্রতাকে প্রাধান্য দিন যেন আহলুস সুন্নাহ'র জন্য ওঁৎপেতে থাকা এক শত্রুর প্রতি আপনারা মনোযোগ দিতে পারেন।" সুবহানাল্লাহ্! যে সাহওয়াতরা প্রথমে দাওলাহ'র উপর আক্রমণ করল তাদের ব্যাপারে যেন ক্ষমা ও নম্রতাকে প্রাধান্য দেওয়া হয় দাওলাহ'র আমীর তার সৈনিকদেরকে সেই আদেশ দিচ্ছেন। আহা! কতইনা বড় মহানুভবতা! কতইনা উদারতাপূর্ণ আহ্বান! এই সাহওয়াতরা দাওলাহ'কে খারিজি, তাকফীরী ও জাহান্নামের কুকুর বলে আখ্যায়িত করত। এরপরেও দাওলাহ'র আমীর তাদেরকে সম্বোধন করে বলেছিলেন, "আপনারা আপনাদের হিসাব পুনরায় কষে নিন এবং আপনাদের রবের নিকট তাওবা করুন। আপনারা তো আমাদেরকে অপ্রত্যাশিত মুহূর্তে আক্রমণ করেছেন এবং পিছন থেকে গাদ্দারি করে আমাদের আঘাত করেছেন যখন অল্পসংখ্যক ছাড়া আমাদের সকল সৈন্য ময়দানে ও রিবাতে ছিল। এরপরেও আপনারা আমাদের অল্প শক্তি দেখেছেন এবং আজকের ও অতীতের মাঝে পার্থক্য দেখতে পাবেন। আর আপনারা আমাদের বিরুদ্ধে যুদ্ধ করার পূর্বে নিরাপদে ঘুরাফেরা করতেন এবং নিশ্চিন্তে ঘুমাতেন। কিন্তু আপনারা যে ভয় আর আতঙ্ক তৈরি করেছেন এর জন্য আপনারা রাত্রি জেগে থাকবেন এবং পাহারা বসাবেন। সুতরাং এই দাওলাহ আপনাদের প্রতি সাহায্যের হাত বাড়িয়ে দিচ্ছে যেন আপনারা এর থেক দূরে থাকেন। তাহলে দাওলাহও আপনাদের থেকে দূরে থাকবে যেন আমরা সকলে রাফিদী নুসাইরীদের প্রতি মনোযোগ দিতে পারি। তবে এটা জেনে রাখুন! এই দাওলাহ'র এমন পুরুষ রয়েছে যারা বিছানায় নিশ্চিন্তে ঘুমিয়ে থাকে না, যাদেরকে দূরের কাছের সকলেই চিনে।"

مؤسسة الصوارم
As Sawarim Media

কিন্তু আবু বকর আল-বাগদাদীর এই আহ্বানের পরেও সাহওয়াতরা দাওলাহ'র বিরুদ্ধে যুদ্ধ করা বন্ধ করেনি– اللهم أشكوا إليك بثي وحزني

আল–কায়দা ও তার মিত্রদের কারণেই দাওলাতুল ইসলামের অগ্রযাত্রা ব্যাহত হয়েছেঃ

আল-কায়দা ও তার মিত্রদের কারণে দাওলাতুল ইসলামের অগ্রযাত্রা ব্যাহত হয়েছে। জুলানী শুধুমাত্র দাওলাতুল ইরাক আল-ইসলামিয়্যাহ'র মানহাজ থেকে বিচ্যুত হয়েছে তা নয় বরং সে দাওলাহ'র সাথে খিয়ানত করেছে এবং দাওলাহ'র পিঠে ছুরিকাঘাত করেছে। জাগতিক দৃষ্টিকোণ থেকে যদি আমরা দাওলাতুল ইসলামের অগ্রাভিযানে দৃষ্টিপাত করি তাহলে আমরা দেখি, আলহামদুলিল্লাহ, দাওলাতুল ইসলাম আল্লাহর ইচ্ছা ও অনুগ্রহে দামেস্কের উপশহরে পৌঁছে গিয়েছিল। নুসাইরী বাহিনী দাওলাহ'র সৈনিকদের সামনে হয় কচুকাটা হচ্ছিল নতুবা পালানোর পথ খুঁজছিল। কিন্তু বরাবরের মতই মুসলিম নামধারী গাদ্দাররা পিছন হতে ছুরি মেরে দিল। শামে একে অপরকে আঘাত করার বীজ দাওলাহ রোপণ করেনি এবং সেটা দাওলাহ'র থেকেও শুরু হয়নি–যা আমরা ইতিপূর্বেই উল্লেখ করেছি। বরং ইরাকের সাহওয়াতদের ন্যায় একই নিকৃষ্টতার পুনরাবৃত্তি করেছিল শামের সাহওয়াতরা। সাহওয়াত ও বিভিন্ন দলের ব্যাপারে দাওলাহ'র পরিপূর্ণ অভিজ্ঞতা ছিল। তথাপি তারা নিশ্চিতভাবেই জানতো যে, কোন কারণ ছাড়াই সাহওয়াতরা দাওলাহ'র বিরুদ্ধে যুদ্ধ করবে। কেননা ইরাকে যুদ্ধ শুরু হওয়ার পর থেকে ইসলামের নামে কিছু সাহওয়াত গ্রুপ সেখানেও ছিল। যারা সর্বদাই মুজাহিদদেরকে খারিজি, তাকফীরী অপবাদ দিয়ে এসেছে। দাওলাহ তখনো পরিপূর্ণরূপে নুসাইরীদের বিরুদ্ধে অভিযানে ব্যস্ত। নুসাইরীদের নিকট দাওলাহ ছিল এক আতঙ্কের নাম–আল্লাহর অনুগ্রহে এখনো তা বাকি আছে। দাওলাহ যখন নুসাইরীদের উপর হামলা করার প্রস্তুতি নিচ্ছিল তখন সাহওয়াতরা হালাবের পল্লী এলাকা আতারিবে দাওলাহ'র সাথে গাদ্দারি করে। তারা দাওলাহ'র ঘাটিগুলোতে

مؤسسة الصوارم
As Sawarim Media

আক্রমণ করে সকল প্রকার যোগাযোগ বিচ্ছিন্ন করে দেয় এবং ব্যারিকেড দিয়ে দেয়। আর তখন বহুসংখ্যক মুজাহিদদের হত্যা করা হয়। এই গাদ্দারির পরিপ্রেক্ষিতে দাওলাহ নিজেদের ঘাটিগুলোর প্রতিরক্ষা করার উদ্দেশ্যে নুসাইরীদের বিরুদ্ধে সকল অপারেশনের পরিকল্পনা স্থগিত করে। সাহওয়াতদের গাদ্দারির গল্প শুনুন খোদ দাওলাহ'র সেনাপ্রধান আবু ওমার আশ-শিশানী ﷾ এর থেকে। তিনি বলেন, "আমরা হালাবের উত্তরাঞ্চলের পল্লী এলাকায় আমাদের ঘাটিসমূহ খালি রেখে নুসাইরীদের কাছ থেকে এলাকাসমূহ মুক্ত করতে গিয়েছিলাম। তারা বিশ্বাসঘাতকের মত আমাদের উপর হামলা করেছে। তাদের বিশ্বাসঘাতকতার জন্য আল-খাইরে অভিযান বন্ধ করতে হয়েছে।" তাদের এ বিশ্বাসঘাতকতার জবাবে দাওলাহ'র সেনাপ্রধান আবু ওমার আশ-শিশানী ﷾ দেইরায-যোর থেকে প্রায় ৩০০ কিলোমিটার পথ সফর করে এসে আল-বাব শহর সাহওয়াতদের থেকে মুক্ত করেন। দাওলাহ নুসাইরীদের থেকে শামের ভূমি মুক্ত করতে ধারাবাহিক অভিযান পরিচালনা করছিল ঠিক সেই মুহূর্তে গাদ্দার সাহওয়াতরা দাওলাহ'র বিরুদ্ধে যুদ্ধ শুরু করে।

সুতরাং মুজাহিদদের অগ্রাভিযানের পথে বাধা হয়ে দাঁড়িয়েছে শামের সাহওয়াতরা। দাওলাহ বাধ্য হয়ে যুদ্ধের মোড় নুসাইরীদের দিক থেকে সাহওয়াতদের দিকে ঘুরিয়েছে। কারণ সাহওয়াতরা দাওলাহ'র ঘাটিগুলোতে হামলা চালানো শুরু করে। আর দাওলাহ তখন ইক্বদামী অভিযান বন্ধ করে নিজেদের প্রতিরক্ষায় মনোযোগী হয়। অতএব ইরাক শামে দাওলাহ'র অগ্রাভিযান শিথিল হওয়ার জন্য শামের আল-কায়দা এবং এর মিত্ররা দায়ী। লিবিয়াতে আল-কায়দা ও তার সাহওয়াত জোট দায়ী। ইয়েমেনেও একই অবস্থা। এমনিভাবে খোরাসানেও মুরতাদ তালেবান আমেরিকার সাথে মিলে যৌথ অভিযান চালিয়ে দাওলাহ'কে বাধাগ্রস্ত করেছে। সর্বোপরি, আল-কায়দা ও তার মিত্রদের কারণে দাওলাহ'র অগ্রাভিযান ব্যাহত হয়েছে এবং কিছু ভূমি হাতছাড়া হয়েছে। তবে আমাদের কাছে যুদ্ধে ভূমি হারানো মুখ্য বিষয় নয়। মুখ্য বিষয় হচ্ছে বিশুদ্ধ আক্বীদাহ ও মানহাজের উপর টিকে থাকা এবং এর উপর মৃত্যুবরণ করা। এমন ভূমির কী-বা মূল্য আছে

যদি সেখানে গায়রুল্লাহর বিধান প্রতিষ্ঠিত হয়! কাফিরদের তাবেদারী করে ভূমি টিকিয়ে রাখার চেয়ে ভূমিহীন অবস্থায় কারাগারে মৃত্যুবরণ করাই শ্রেয়।

আল–কায়দা গণতান্ত্রিক, সমাজতান্ত্রিক, সেকুলার ও জাতীয়তাবাদী দলগুলোর সাথে মিলে ইসলামী রাষ্ট্রের বিরুদ্ধে যুদ্ধ করেঃ

বিগত প্রায় ১ দশক ধরে অনেক ঘটনাই ঘটেছে। খুব কম সংখ্যক মুসলিমই ঘটে যাওয়া ঘটনাগুলো সম্পর্কে জ্ঞাত। যেগুলো ইসলামী রাষ্ট্র এবং তানযীম আল-কায়দা ও তার বিভিন্ন মিত্রদের মাঝে সংঘটিত হয়েছে। প্রকৃত ঘটনা না জেনে অনেকেই উলামায়ে সু'দের কথা সত্যায়িত করে ইসলামী রাষ্ট্রের উপর বিভিন্ন ধরনের মতামত পোষণ করছে। অনেকেই মনে করেন যে, ইসলামী রাষ্ট্র আল-কায়দার লোকদের উপর বাড়াবাড়ি চিন্তা প্রসূত প্রথমে হামলা করেছে, ইসলামী রাষ্ট্র তথা দাওলাতুল ইসলাম মুসলিমদের হত্যা করে এবং মুশরিকদের ছেড়ে দেয়। এগুলো ছাড়াও ইসলামী রাষ্ট্রের উপর আরোপিত প্রভৃতি অপবাদকে তারা সঠিক বলে ধরে নিয়েছে। আর মানুষের কাছে ইসলামী রাষ্ট্রের ভাবমূর্তি নষ্ট করতে কাফিরদের মিডিয়া এবং মুসলিম নামধারী মুরতাদদের মিডিয়াগুলো তাদের সর্বোচ্চ চেষ্টাটাই করে। আল-কায়দার হলুদ মিডিয়াগুলোও মিথ্যা সংবাদ এবং অপপ্রচারের ক্ষেত্রে পিছিয়ে নেই কোন অংশেই, বরং তারা কুফফারদের মিডিয়া থেকে একধাপ এগিয়ে। এতদিনে আমার এই কথার সত্যতা অনেকটাই উপলব্ধি করতে পেরেছেন এবং আল-কায়দার মিডিয়াগুলোর দ্বিমুখিতাও আপনাদের সামনে দৃশ্যমান। যাইহোক আমরা শাম, লিবিয়া, মালি, সোমালিয়া এবং ইয়েমেনে যা হয়েছে এর প্রকৃত বাস্তবতা আপনাদের সামনে তুলে ধরতে চাই। যাতে হক্বপন্থিদেরকে অপবাদমুক্ত করা যায় এবং বাতিলপন্থিদের বাতিল হিসেবে সাব্যস্ত করা যায়।

আল-কায়দার সাথে শত্রুতা শুধুমাত্র শারয়ী রাজনৈতিক মতপার্থক্যের কারণের উপর ভিত্তি করে নয়–যা আল-কায়দার নেতারা এবং এর শাখাসমূহ করে থাকে। আল-কায়দার সাথে শত্রুতা শুধুমাত্র আক্বীদাহ'র মাসআলাসমূহে বিচ্যুতির

مؤسسة الصوارم
As Sawarim Media

মাঝেই সীমাবদ্ধ নয়। আক্বীদাহ'র মাসআলায় বর্তমান আল-কায়দার বিচ্যুতি এই স্তরে পৌঁছেছে যে, যারা সুস্পষ্ট শিরক করে যেমন- মৃত ব্যক্তির নিকট দু'আ করে বা যারা মনে করে মৃত ব্যক্তি অনিষ্টতা দূর করতে পারে ও উপকার করতে পারে, এমন লোককে তারা ইসলামের হুকুম দেয়। এমনকি আল্লাহর নাযিলকৃত বিধান ব্যতীত বিচার-ফায়সালাকারী তাগুতদের মুসলিম বলে আখ্যায়িত করে এবং আল্লাহকে বাদ দিয়ে আইন প্রণয়নকারীদেরকেও মুসলিম বলে থাকে। যেমন- যারা গণতান্ত্রিক পার্লামেন্টসমূহের সদস্য হয় তাদেরকে আল-কায়দা তাকফীর করে না কেবলমাত্র দলের নামের আগে বা পরে 'ইসলাম' শব্দ থাকার কারণে। বছরের পর বছর ধরে যারা নিজেদের বানানো আইনে রাষ্ট্র পরিচালনা করে আল-কায়দা তাদেরকেও তাকফীর করে না। এমনকি বারো ইমামিয়্যাহ রাফিদীদেরও মুসলিম মনে করে–যারা বিভিন্ন ধরনের শিরক কুফরে লিপ্ত। আল-কায়দার সাথে শত্রুতা মূলত এসব কারণের উপর ভিত্তি করে নয়। বরং আল-কায়দার সাথে শত্রুতার ভিত্তি হল - যারা পূর্বে উল্লেখিত মুশরিকদের তাকফীর করে তাদেরকে আল-কায়দা বাড়াবাড়ি এবং খারিজি অপবাদ আরোপ করে থাকে। অথচ পূর্বে তারাও আইন প্রণয়নকারী তথা পার্লামেন্ট সদস্যকে তাকফীর করত - চাই ইসলামের নামে বা অন্য যেকোনো নামেই হোক না কেন - এবং রাফিদীদের তাকফীর করত। আল-কায়দার বিভিন্ন শাখা ইসলামী রাষ্ট্রের সৈনিকদের বিরুদ্ধে যুদ্ধরত দ্বীন ত্যাগী দলগুলোর সাথে প্রকাশ্য ওয়ালা করে। আর দ্বীন ত্যাগী দলগুলোর সাথে ওয়ালা করার বিষয়টি একদমই স্পষ্ট।

আজ আমরা প্রত্যেক স্থানেই দেখতে পাই যে, আল-কায়দার সৈনিকরা ইসলামী রাষ্ট্রের সৈনিকদের মধ্য থেকে যার ক্ষেত্রে তারা সক্ষম হয় তাকেই হত্যা করছে। যে সমস্ত স্থানে তাদের সাথে সশস্ত্র কোন সংঘাত তৈরি হয়নি সেখানে তারা সশস্ত্র কার্যক্রম ব্যতীত অন্য সকল পদ্ধতিতে চরম শত্রুতার বহিঃপ্রকাশ ঘটায়। বিশেষকরে তারা আমাদের উপমহাদেশে দাওলাতুল ইসলামের বিরুদ্ধে সব ধরনের অপপ্রচার চালায়। ইসলামী রাষ্ট্রের বিরুদ্ধে তাদের প্রকাশিত লেখনি এবং তাদের ভিডিওগুলোতে ভিত্তিহীন তথ্য ও প্রোপাগান্ডার ছড়াছড়ি থাকে। মিডিয়াতে এবং

